এদিকে বৃহস্পতি তারার স্নানে বিলম্ব দেখিয়া তাহার অন্বেষণার্থ নিজে মন্দাকিনীতীরে শিষ্য পাঠাইলেন। যথাকালে ঐ শিষ্য মন্দাকিনীতীরে গমন করত লোকমুখে তারাহরণ-বৃত্তান্ত অবগত হইয়া রোদন করিতে করিতে গুরুসমীপে নিবেদন করিল। বৃহস্পতি,স্বীয় পত্নী সোমকর্ত্তৃক হৃতা হইয়াছে, এই বার্ত্তা শ্রবণ করত মুহূর্ত্তকাল মূর্চ্ছিত হইলেন; পরে চেতনা পাইলেন। তখন সশিষ্য বৃহস্পতি দুঃখিত হৃদয়ে উচ্চৈঃস্বরে রোদন এবং লজ্জা ও শোকবশত বারংবার বিলাপ করিতে লাগিলেন। পরে ঐ শোকার্ত্ত সুরগুরু সজলনয়নে শোকব্যাকুলিত অশ্রুপূর্ণ-নয়ন শিষ্যগণকে সম্বোধন করিয়া

ষট্‌স্বরের কতকগুলি রাগ চরিনায়কের সম্মত ছিল তাহা এই—

গৌড়, কর্ণাট, দেশী, ধন্নাসিকা, কোলাহলা, বল্লারী, দেশাখ্যা, সৌবীরী, সুষ্ঠাবতী, চর্যরী, মল্লারী তৃঞ্জিকা, "ইত্যাদ্যাঃ ষট্‌স্বরা রাগাঃ চরিনায়কসম্মতাঃ।"

গৌড়—বীর ও শৃঙ্গার রস ও দিনান্ত সময়ে গেয়। যথা—

"—গৌড়ঃ স্যাৎপঞ্চমোজ্ঝিতঃ।
বীরশৃঙ্গারয়োর্গেয়ো দিনান্তে বিবর্জিতঃ॥"

দেশী প্রথম প্রহরের মধ্যে এবং শান্ত ও করুণ রসে গেয় যথা—

"দেশ্যঃস্যাদ্রূবা দেশী।
প্রহরাভ্যন্তরে গেয়া শান্তে চ করুণে রসে॥"

ধন্নাসিকা, বীর ও শৃঙ্গার রস এবং সকল সময়ে গেয় যথা—

"ধন্নাসিকা জ্ঞেয়া।
রসে বীরে চ শৃঙ্গারে গাতব্যা সর্ব্বদা বুধৈঃ॥"

বল্লারী প্রথম প্রহরের পর শৃঙ্গার রসে গেয়। যথা—

"বরাট্যাপাঙ্গা বল্লারী—
শৃঙ্গারাখ্যে রসে গেয়া চরিনায়কসম্মতা।"

গৌড় আরও ২ প্রকার আছে। কর্ণাট গৌড় ও মালব গৌড়। মালব গৌড় বীর রসে গেয় যথা—"বীরে মালবগৌড়কঃ।"

সঙ্গীতশাস্ত্রের মতে মল্লার রাগ মেঘাগম এবং শৃঙ্গার রসে গেয় যথা—

"মল্লারঃ স-প-হীনোঽয়ং।
শৃঙ্গারে চ রসে গেয়ঃ পয়োদাগমনে বুধৈঃ।"

কেদারী সায়ংকালে এবং বীর ও শৃঙ্গার রসে গেয়। যথা—

"রসে বীরে চ শৃঙ্গারে গেয়া সায়মিহ বুধৈঃ।"

ইহাকে কোন কোন গ্রন্থে দেশকারী ও দেশপালী বলা হইয়াছে।

মালব অপরাহ্নে, বক্রে ও বীর, এবং শৃঙ্গার রসে গেয়। যথা—

"——মালবোঽপি রি-পোজ্ঝিতঃ—
বীরশৃঙ্গারয়োর্গেয়ো দিনান্তে নিশি বা বুধৈঃ।"

হিন্দোল—সকল কালে এবং বীর ও শৃঙ্গাররসে গেয়। যথা—

"হিন্দোলো রি-প-বর্জ্জিতঃ বীরশৃঙ্গারয়োঃ সদা।"

ভৈরব—মঙ্গল কার্য্যে গেয় ও মধ্যাহ্নের পূর্ব্বে গেয়। প্রমাণ পূর্ব্বে বলা গিয়াছে।

not enjoy the rank, or inherit the possession of her husband অসবর্ণ বিবাহ; নীচজাতীয় স্ত্রীলোকের সহিত বিবাহ।

Left-off (left-off) *a.* That which is left aside একপার্শ্বে রক্ষিত।

Leftward (left-ward) *ad.* Toward the left বামে।

Leg (leg) *n.* (Dan. *lay* , Sw. *lagg*. Icel. *leggr.*) The limb of an animal, for supporting the body, and in walking and running, especially, that part of the limb from the knee to the foot পা; ঠ্যাঙ, পায়ের নলা; হাটু হইতে পাদদেশ পর্য্যন্ত শরীরের অংশ. any long and slender support on which any object rest পায়া; খোঁটা; side as in sides of a triangle বাহু।

Leg (leg) *v. t* To strike in the leg ক্রীকেটখেলায় পায়ে লাগা।

Legacy (leg-a cy) *n.* (Lat. *legatum* It. *legato* , N. Fr. *leye.*) A gift by will, of personal property; a bequest মৃত্যুকালীন দান. উইল করিয়া দান, a business with which one is intrusted by another কোন ব্যক্তিকে কোন কর্ম্মের ভার দেওয়া।

Legacy hunter (leg-a cy-hunt-er) *n* One who flatters and courts for legacies মরণকালে কিছু পাইবার জন্য তোষামোদকারী জন।

Legal (le gal) *a.* (Lat. *legalis* : Fr. *legal* Sp. *legal* It. *legale*) Lawfull; permitted by law, according to or relating to law বিধিবৎ, আইনানুযায়িক, ন্যায়সঙ্গত; ন্যায্য in accordance with the law of Moses আইন বা শাস্ত্রসম্মত।

SYN —Authorized; constitutional; lawful, legitimate, licit.

Legalism (le-gal ism) *n.* (*a. le-*

অপবিত্র; সে ঐ কর্ম্ম করিলে তাহার ফলভাগী হয় না। যেমন দাহিকা-শক্তি-বিহীন অগ্নি, প্রভাহীন সূর্য্য, শোভাহীন সোম বলহীন জন্তু কর্ম্মে অযোগ্য; শরীরব্যতীত আত্মা, আধারব্যতীত আধেয়, প্রকৃতিব্যতীত ঈশ্বর ও প্রধান সামগ্রী ফলদায়িনী দক্ষিণাব্যতীত যজ্ঞ যেমন কর্ম্মের ফলদানে অশক্ত ও যেরূপ স্বর্ণকার স্বর্ণব্যতীত স্বকার্য্যসাধনে অসক্ত,—হে প্রিয় শিষ্যগণ! কুম্ভকার যেমন মৃত্তিকাব্যতীত স্বকার্য্যসাধনে অসমর্থ; সেইরূপ গৃহস্থ ভার্য্যাব্যতীত সর্ব্বদা সকল কার্য্যে অনধিকারী। সকল কার্য্যেই মূল ভার্য্যা। সেরূপ গৃহেরও মূল ভার্য্যা। গৃহস্থদিগের গৃহে সর্ব্বদা সকল সুখ, নিয়ত আনন্দ ও মঙ্গলের মূল ভার্য্যা। সংসার ও সৌরভের ভার্য্যাই মূল। রথীদিগের রথের মত গৃহীদিগের ভার্য্যাই মূল। সকল রত্নের প্রধান স্ত্রীরত্ন, অধম কুল হইতেও গৃহস্থ গ্রহণ করিবে; ইহা পদ্মযোনি কহিয়াছেন। যেমন পদ্মভিন্ন জলের শোভা ও জলভিন্ন পদ্মের শ্রী হয় না; সেই মত গৃহিগণের গৃহিণী ব্যতীত কিছুমাত্র গৃহে সুখ নাই

ললিতা—রাত্রিশেষে, দিনের প্রথম ভাগে ও বীর, এবং শৃঙ্গাররসে গেয়।
"——ললিতা ললিতস্বরা।
শৃঙ্গারবীরযোর্গেয়া নিশান্তে চ দিনাদিকে॥"
ছায়াতোড়ী—দিবায় (তোড়ীর ন্যায়")
গান্ধার—সকল কালে ও করুণরসে গেয়।
"করুণে সদৈব" -
বিভাষড়া -মঙ্গল বিষয়ে ও অর্দ্ধরাত্রে গেয়। যথা—
"গেয়ো বিভাষড়া চৈব নিশীথে মঙ্গলার্থিভিঃ"
গৌড় সারঙ্গী—মধ্যাহ্নের পরে বীর ও শান্তিরসে গেয়। যথা—
"——[illegible]
সম্পূর্ণা গৌড়সারঙ্গী গেয়া মধ্যাহ্নতঃ পরম্।"
শঙ্কর—[illegible] গেয়। যথা—
"সম্পূর্ণঃ শঙ্করো[illegible]
প্রদোষো গান [illegible] নিশীথো গান-কোবিদৈঃ।"
শঙ্করা—অপরাহ্নের পর হাস্যরসে গেয়। যথা—
"——[illegible]।
[illegible] প্রভুকাতের
[illegible] রাত্রিতে শৃঙ্গার ও করুণ রসে। যথা—
"[illegible] সম্পূর্ণা।
[illegible] করুণে রসে॥"
সঙ্গীতদর্পণের মতানুসারে যে যে রাগ যে সময়ে গেয় তাহা বলা যাইতেছে।
মধুমাধবী, দেশী, ভূপালী, ভৈরবী, বেলাবলী, মল্লারী, বল্লারী, সামগুর্জ্জরী, ধনাশ্রী, মালবশ্রী, মেঘরাগ, পঞ্চম, দেশ-কারা, ভৈরব, ললিতা, বসন্ত এই সকল রাগ নিত্য প্রাতঃকালে গেয়। যথা—
"মধুমাধবী চ দেশাখ্যা ভূপালী ভৈরবী তথা।
বেলাবলী চ মল্লারী বল্লারী সামগুর্জ্জরী।
ধনাশ্রীর্মালবশ্রীশ্চ মেঘরাগশ্চ পঞ্চমঃ।
দেশকারী ভৈরবশ্চ ললিতা চ বসন্তকঃ।
এতে রাগাঃ প্রগীয়ন্তে প্রাতরারভ্য নিত্যশঃ।"
গুর্জ্জরী, কৌশিক, সাবেরী, পটমঞ্জরী, রেবা, গুণকিরী, ভৈরবী, রামকিরী, সৌরাটী, এইগুলি প্রথম প্রহরের পর গেয়। যথা—
"গুর্জ্জরী কৌশিকশ্চৈব সাবেরী পটমঞ্জরী।
রেবা গুণকিরী চৈব ভৈরবী রামকির্যাপি।
সৌরাটী চ তথা গেয়া প্রথম প্রহরোত্তরম্।"

galest.) Strictness in adhearing to law ব্যবস্থানুযায়িত।

Legality (le-gal i-ty) *n.* (*n.* Legalization.) Conformity to law, the state of being legal বিধিসিদ্ধিত্ব; শাস্ত্রসম্মতত্ব।

Legalize (le-gal i-ze) *v. t.* (*imp* & *p. p.* Legalized, *p. pr.* & *vb n.* Legalizing; *ad.* Legally.) To make lawfull আইন সম্মত করা।

Legatary (leg-a-ta ry) *n.* (Fr. *legataire* Lat. *legatarius* enjoyed by a last will) One to whom a legacy is bequeathed, a legatic মুমূর্ষু দানাধিকারী, মৃত্যুকালে কেহ দান করিয়া গিয়াছে যাহাকে।

Legate (leg ate) *n.* (Lat *legatus* It. *legato.* Fr. *legat*) An embassador or envoy রাজদূত, দূত, a Pope's ambassador to a foreign prince or state, a cardinal or bishop sent as the pope representative to a sovereign prince কোন সম্রাটের নিকট পোপের প্রেরিত খৃষ্টীয় ধর্ম্মযাজক উকীল বা প্রতিনিধি।

Legatee (leg-a-tee) *n.* One to whom a legacy is bequeathed উইলদানলব্ধ, মুমূর্ষুদানাধিকারী।

Legateship (leg-a-te-ship) *n.* (*a.* Legatine.) The office of a legate দূতের কার্য্য বা পদ।

Legation (le ga-tion) *n.* (Lat. *legatio.* Fr. *legation.* It. *legazione*) The sending forth or commissioning one person to act for another দৌত্য; প্রতিনিধিত্ব, a legate or envoy and the persons associated with him in his mission; a deplomatic minster and his suit দূতত্ব; the official residence of a deplomatic minster at a foreign court দূতের বাসস্থান; a province of a Roman states, governed by a legate from Rome

এইরূপে সেই বৃহস্পতি বিলাপ করিয়া বারংবার গৃহে প্রবেশ করিতে লাগিলেন ও শোকার্ত্ত হইয়া পুনঃ পুনঃ বহির্গত হইতে লাগিলেন। আর তিনি ক্ষণে ক্ষণে মূর্চ্ছা ও প্রিয়াগুণ স্মরণ করত পুনঃ পুনঃ উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিলেন। অনন্তর মহাজ্ঞানী বৃহস্পতি, সাধু শিষ্য ও অন্যান্য জ্ঞানী মনিগণকর্ত্তৃক প্রবোধিত হইয়া ইন্দ্রভবনে গমন করিলেন। বৃহস্পতি, অতিথিসৎকার-কুশল ইন্দ্রকর্ত্তৃক পূজিত হইয়া তাঁহাকে হৃদগত শল্যের মত নিজ অপ্রিয় বৃত্তান্ত কহিলেন। ইন্দ্র, বৃহস্পতির বাক্য শ্রবণ করিয়া ক্রোধে কম্পিতাধর ও লোহিত-লোচন হইয়া তাঁহাকে কহিলেন;—দৌত্যকার্য্যে অতি নিপুণ ও দক্ষ সহস্র দূত তাহার অন্বেষণার্থ গমন করুক যেখানে ঐ পাপিষ্ঠ চন্দ্র আমার মাতা তারার সহিত আছে, সেইখানে সজ্জিত হইয়া সকল দেবগণের সহিত গমন করিতেছি। হে মহাভাগ! চিন্তা ত্যাগ করুন, সকলই মঙ্গল হইবে। এই দুষ্কর অশুভ, শুভেরই কারণ। বিপদ না হইলে কাহার সম্পদ হয়?"

বৈরাটী, তোড়ী, কামোদী, কুড়ারিকা, গান্ধারী, নাগশব্দী, দেশী, শঙ্করাভরণ ইহা দ্বিতীয় প্রহরে গেয়। যথা—

"বৈরাটী তোড়িকা চৈব কামোদী চ কুড়ারিকা।
গান্ধারী নাগশব্দী চ তথা দেশী বিশেষতঃ।
শঙ্করাভরণো গেয়ো দ্বিতীয় প্রহরে ধ্রুবম্॥"

শ্রীরাগ, মালব, গৌড়ী, [illegible] ত্রিবণী, নট্ট-নারায়ণ, সারঙ্গ, নট্ট। সকল নাট, কেদারী, কর্ণাটী, আভিরী, বড়হংসী, পাহাড়ী, এই সকল তৃতীয় প্রহরের পর এবং অর্দ্ধ রাত্র পর্য্যন্ত গেয়। যথা

"শ্রীরাগ, মালবাখ্যশ্চ গৌড়ী [illegible]
[illegible] নারায়ণসংজ্ঞশ্চ সারঙ্গ নট্টকৌ তথা।
[illegible] নাটাশ্চ কেদারী কর্ণাটী [illegible] তথা।
[illegible] পাহাড়ীচ তৃতীয়। প্রহরাৎপরম্॥"

যথানির্দিষ্ট কালেই গান করিবার [illegible] সংগীত শাস্ত্রকারগণ বিধিবদ্ধ [illegible] রেখাছেন। কিন্তু ইহা সকল সময় [illegible] প্রযুক্ত হইলে সাধারণের অসু-[illegible] হইবার সম্ভাবনায় তাঁহার আর [illegible] বিশেষ নিয়ম করিয়া গিয়াছেন যে [illegible] তাহলে কালবিচার করিবে না, [illegible] সময়েরই গান গাইবেক। যথা—

"[illegible] কালে এবৈতে গেয়াঃ পূর্ব্ববিধানতঃ।
[illegible] সদা গেয়া ন তু কালং বিচারয়েৎ॥"

[illegible] সার সংহিতা নামক গ্রন্থে [illegible] রূপ দেখিতে পাওয়া যায় বিভাষা, [illegible], কামোদী, পটমঞ্জরী, রামকেলী [illegible] (এই [illegible]টা পরস্পর ভিন্ন, কেহ [illegible] ভ্রমবশতঃ রামকিরাকেই রামকেলী [illegible] থাকেন) বড়ারী, গুর্জ্জরী দেশকারী, [illegible], ভড়ী, পঞ্চমী, গড়া, ভৈরবী, [illegible] এই পঞ্চদশ রাগিণী পূর্ব্বাহ্ণ-কালেই গান করিবেক। যথা—

"[illegible] ললিতাচৈব কামোদী পটমঞ্জরী।
রামকেলী রামকিরা বড়ারী গুর্জ্জরী তথা।
দেশকারী চ সুভগা পঞ্চমী তু গড়াতুড়া।
ভৈরবী [illegible] কৌমারী রাগিণ্যো দশ পঞ্চ চ।
এতাঃ পূর্ব্বাহ্ণকালে তু গেয়া গানকোবিদৈঃ।"

বরাড়ী, মালবী, রৌদ্রা, রেবতী, [illegible] মসী, বেলাবলী, মারহাট্টী, এই ৭ স্ত্রী-রাগ বা রাগভার্য্যা মধ্যাহ্নকালে গান করিবে। যথা—

"বরাড়ী মালবী রৌদ্রা রেবতী চাপিধানসী।

রোমক সাম্রাজ্যের অন্তর্গত প্রদেশ, যাহা রোমের প্রতিনিধিদ্বারা শাসিত হয়।

Legator (leg-a-tor) *n.* (Lat. *legare*, O. Fr. *legateur.*) One who bequeaths a legacy; testator দানকর্ত্তা, উইলকর্ত্তা; ইচ্ছাপত্রকর্ত্তা।

Lege (lej) *v. t.* (Abbreviated from allege; *n.* Legement.) To lighten; to allay লঘু করা; হাল্কা করা; to allege বলা, কহা।

Legend (leg-end) *n.* (Fr. *legende*; It. *leggenda*, Lat. *legenda* a book containing the acts of the saints, so called, because they were to read in the church, on certain days from Lat. *legendus* to be read.) Remarkable story handed down from early times উপন্যাস, ইতিহাস, গল্প, a story respecting saints, especially, one of a marvellous nature মুনি, ঋষি বা সাধু ব্যক্তির উপাখ্যান; an inscription or motto placed on a shield or coat of mail ঢাল বা বর্ম্মের উপর খোদিত লিখন, that which is appointed to be read যাহা পড়িবার জন্য নির্দ্দিষ্ট হইয়াছে।

Legend (leg-end) *v. t.* (*a.* Legandary.) To tell or narrate, as a legend আখ্যায়িকা বলা; আখ্যান করা।

Legendary (leg-end-a-ry) *n.* (O. Fr. *legendaire*, It. *leggendario*; Lat. *legendarius.*) A tale; a narrative; a book of legend গল্প; ইতিহাস, one who relates a legend ইতিহাস বক্তা।

Leger (leg-er) *n.* A minister resident at a court or seat of government সভায় বা রাজদরবারে প্রেরিত হইয়াছে যে; any thing that lies in a place কোন স্থানে অবস্থিত ব্যক্তি বা বস্তু।

Leger (leg-er) *a.* (Fr. *leger*; light, nimble.) Slender; slight;

দেবরাজ ইন্দ্র এইরূপ কহিয়া অন্বেষণকার্য্যে কুশল সহস্র দূত শীঘ্র পাঠাইলেন। সেই সকল দূতেরা জগতের অনতিক্রম ও নির্জ্জন স্থান সমুদয় শত বৎসর ভ্রমণ করিয়া শুক্রাচার্য্য-গৃহে গমন করিল। শুক্রভবনে, তাঁহার শরণাগত ত্রস্ত ভীত চন্দ্রকে তারা সহ অবস্থিত দেখিয়া, সেই বৃত্তান্ত ইন্দ্রকে কহিল। শোকসন্তপ্ত ইন্দ্র, ইহা শ্রবণ করিয়া দুঃখিত হৃদয়ে অধরদন বৃহস্পতিকে কহিলেন;—"হে [illegible], আমি পরিণাম-সুখকর বাক্য কহিতেছি, আপনি শ্রবণ করুন। হে মহাভাগ, ভয়ত্যাগ করুন, সকলই মঙ্গল হইবে। আপনি শুক্রকে জয় করেন নাই, আমা কর্ত্তৃকও দৈত্যগণ পরাজিত হয় নাই; এই বিবেচনা করিয়া চন্দ্র শুক্রকে আশ্রয় লইয়াছে। এক্ষণে আপনি আমাদিগের সহিত ব্রহ্মলোকে গমন করুন ব্রহ্মার সহিত আমরা কৈলাসে দেবদেব মহাদেবের নিকট গমন করিব।" সন্তপ্ত সুররাজ এইরূপ কহিয়া, বৃহস্পতির সহিত কল্যাণপ্রদ মনোহর ব্রহ্মলোকে গমন করিলেন। তথায় ব্রহ্মাকে অবলোকন করিয়া বৃহস্পতির

বেলাবলী মারহাট্টা সপ্তৈতো রাগযোষিতঃ।
গেয়া মধ্যাহ্নকালে চ যথা ভারতভাষিতম্।"

গান্ধারী, দীপিকা, কল্যাণী, প্রবরাবরী আশাবরী, কান্ড়া, গৌরী, কেদারী, পাহাড়ী, এই সকল রাগিণী পণ্ডিতেরা সায়াহ্নে গান করিয়া থাকেন। যথা—

"গান্ধারী দীপিকাচৈব কল্যাণী প্রবরাবরী।
আশাবরী কান্ড়াচ গৌরী কেদারপ ড়িড়া।
সায়াহ্নে রাগিণীরেতাঃ প্রগায়ন্তি মনীষিণঃ।"

রাগরাগিণীর কাল নিয়ম—

বিভাষ, ললিতাচৈব কামোদা পটমঞ্জরী।
রামকিরী বারকেলী রেলোয়ারীচ গুর্জ্জরী॥
দেশকারী চ শুভগা পঞ্চমী চ গড়াতুড়ী।
ভৈরবী চাপ কৌশলী রাগিণ্য দশপঞ্চ চ॥
এতা পূর্ব্বাহ্ন কালেতু গীয়ন্তে গায়নোত্তমৈঃ॥
বরাড়ী মায়ুরী কোড়া, বৈরাগী চাথ ধানশী।
বেলাবলী মোরহাটী সপ্তৈতো রাগযোষিতা।
গেয়া মধ্যাহ্ন কালে তু যথা ভারত ভাষিতম্॥
গান্ধারী, দীপিকা চৈব কল্যাণী পূরবী তথা।
কানড় শাবরী চৈব গৌরী কেদার পাহিড়া।
মাথুরী মালশা নাটী ভূপালী সিন্ধুড়া তথা।
সায়াহ্নে তাশ্চ রাগিণ্যঃ প্রগায়ন্তি চতুর্দ্দশ॥
পুরুষা বস্ত্র ভূপাঢ্যা রাগান্তে মালবাদয়ঃ।
প্রদোষে চাপরাহ্নে চ বরন্যাং গান গোচরাঃ
দশদণ্ডাৎ পরং রাত্রৌ সর্ব্বেষাং গানমীরিতম্।
সর্ব্বেষামিহ রাগানং রাগিণীনাঞ্চ সর্ব্বশঃ।
রঙ্গভুমৌ নৃপাজ্ঞায়াং কালদোষ ন বিদ্যতে॥

মেঘরাগ ও মল্লার কিম্বা মেঘমল্লার বর্ষাকালের সকল সময়েই গেয়। রাত্রে ১০ দণ্ডের পর অন্য সকল রাগের গান হইতে পারে। যথা—

মেঘমল্লাররাগস্য গানং বর্ষাসু সর্ব্বদা।
দশদণ্ডাৎ পরং রাত্রৌ সর্ব্বেষাং গান-মীরিতম্।"

এস্থলে দাক্ষিণাত্য অর্থাৎ কর্ণাট প্রভৃতি দেশীয় পণ্ডিতেরা বা গায়কেরা বলেন—দেশাখ্যা, ভৈরবী, রক্তহংসী মাহলা, এই কয়েকটি রাত্রে মনোরঞ্জন হয় না, সায়ংকালে বিশেষ নিন্দিত। যে ব্যক্তি প্রভাতে গান করে সে গান করিয়া সুখী হয়। যথা—

"দেশাখ্যা ভৈরবী চৈব রক্তহংসী চ মাহলা।
ন রক্তিশ্রীকা এতা সায়ংকালে চ নিন্দিতা॥
প্রাতঃ যেন গীয়ন্তে স নরঃ সুখমেধতে।"

শুদ্ধনট্ট সাবেরী, নট্ট বরাটিকা, ছায়া গৌড়া, অন্যান্য গোড়ী, ললিতা, মালব-

light লঘু; সরু; unimportant অপ্রয়োজনীয়।

Legerdemain (leg-er-de-main) *n.* (Fr. *leger*, light, *de* and main, Lat. *manus*, hand.) Deception; slight of hand, trick; a trick performed with such art and adroitness, that the manner or art eludes observation ভোজবাজী; ভেল্কী; ইন্দ্রজাল।

Legge (lej) *v. t.* (*n.* Legerdemainist. O. Eng. *legerete.*) To lay রাখিয়া দেওয়া; নির্দেশ করা।

Legin (leg-gin) Legging (leg-ing) *n.* A cover for the leg পায়ের আবরণ।

Leghorn (leg-horn) *n.* A kind of plait for bonnets and hats টুপির ভাঁজবিশেষ।

Legibility (leg-i-bil-i-ty) *n.* (*a.* Legible; Legibleness, *ad.* Legibly.) The quality or state of being legible সুস্পষ্টত্ব; পঠনীয়ত্ব।

Legion (le-jun) *n.* (Lat. *legio* togather; Fr. *legion*, It. *legione.*) A military force; a military band সৈন্যসম্প্রদায়; ফৌজ; (*Rom. Antiq.*) A body of infantry, consisting of different number of men at different, from three to five thousand রোমানদিগের তিন সহস্র হইতে পঞ্চ সহস্র সৈন্যের দল, a great number; multitude বহু বা অনেক সংখ্যা।

Legionary (leg-ion-ary) *n.* Relating to or consisting of; a legion or legions পূর্ব্বোক্ত সৈন্যসম্বন্ধীয়; containing a great number অসংখ্যক।

Legionry (le-gion-ry) *n.* One of a legion ফৌজবিশেষ।

Legislate (leg-is-late) *v. i.* (*imp* & & *p. p.* Lagerlated; *p. pr.* & *vb. n.* Legislating; Lat. *lages*, law and *latus* to bear; N. Fr. *legis-*

সহিত প্রণাম করিলেন ও দেবদেবকে সকল বৃত্তান্ত কহিলেন। কমলযোনি ইন্দ্রের বাক্য শ্রবণ করিয়া হাস্য করিলেন ও বিনীত ইন্দ্রকে হিতজনক নীতিগর্ভ সত্য বাক্য কহিলেন।—"যে সর্ব্বপ্রকারে পরকে দুঃখ দেয়, তাহাকে সেই সর্ব্বশাস্তা সনাতন কৃষ্ণ দুঃখ দেন। আমি সকলের স্রষ্টা; সনাতন বিষ্ণু ঐ সৃষ্টির রক্ষক; রুদ্র ঐ সকলের সংহারকর্ত্তা ও শিব সর্ব্বতোভাবে উহার মঙ্গল বিধান করেন; ধর্ম্ম সর্ব্বদা সর্ব্বসাক্ষী ও সকলের কারণ; বিষয়াসক্ত সকল দেবগণ শ্রীকৃষ্ণের আজ্ঞা পালন করিতেছেন। অঙ্গিরার বেদবেদান্ত-পারদর্শী বৃহস্পতি, উতথ্য ও জিতেন্দ্রিয় সম্বর্ত্ত; এই তিন পুত্র। বৃহস্পতি কনিষ্ঠ সহোদর-শিষ্য সম্বর্ত্তকে কিছুই পৈতৃক ধন দেন নাই; সে কারণে তিনি তপস্বী হইয়া পরমেশ্বর শ্রীকৃষ্ণকে ধ্যান করিতেছেন। গর্ব্ভিণী সাধ্বী অকামুকী ভ্রাতৃজায়াকে,—উতথ্যের ভার্য্যা, ঐ সুরগুরু স্বেচ্ছায় হরণ করিয়াছেন। যে ব্যক্তি ভ্রাতৃজায়া হরণ করে, সে চন্দ্র-সূর্য্যের স্থিতিকাল পর্য্যন্ত কুম্ভীপাক নরকে গমন ও সহস্র

গৌড়, মল্লারিকা, ছায়া, গৌরী, তোড়ী, গৌড়ী রামকিরী, ছায়া রামকিরী, সকল প্রকার ছায়া বল্লারিকা, কর্ণাট, বাঙ্গালী এই সকল রাগ প্রাতঃকালে বিশেষ নিন্দিত। এই সকল সায়ংকালে গাইলে লক্ষ্মী ভাগ্য হয়। যথা—

শুদ্ধ নট্টঃচ সারঙ্গী তথা নট্ট বরাটিকা।
ছায়া গৌড়ী তথা চান্যা ললিতাচ তথা মতা॥
মল্লারিকা তথা ছায়া গৌরীতু তোড়িকাহ্বয়া॥
গৌড়ী মালব- গৌড়ীচ রামকিরী তথৈবচ।
ছায়া রামকিরী চৈব ছায়া সর্ব্ব বরাটিকা।
এতে রাগাঃ বিশেষেণ প্রাতঃকালে চনিন্দিতাঃ
সায় মেবাস্ত গানেন মহতাং শ্রিয় মাপ্নুয়াৎ॥”

গীতগোবিন্দ টীকায় লক্ষণভট্ট বলিয়াছেন। গৌণ্ডকীরী, মহামলহরা, দেশী গুজ্জরী, প্রাতঃকালে। মধ্যাহ্নে রামকিরী (২ প্রকার) কর্ণাট, নাট বা নট্ট, সন্ধ্যাকালে। মালব ও সারঙ্গ শেষ সন্ধ্যায়। গৌড় ও ভৈরবী প্রত্যূষে। যথা—

প্রাতঃ গৌণ্ডকিরী মহামলহরী দেশাখ্যিকা গুজ্জরী।
ধ্যাহ্নেপি রামকৃচ্ছয়মধ্যে কর্ণাটনাটান্বয়ঃ।
াংং মালবিকাকৃতেতি সুধিয়ো গায়ন্তি সারস্থনে।
ারঙ্গং পুনরেব গৌড় মপরং প্রত্যূষতো ভৈরবী॥"

কোন রাগ কোন সময়ে গেয় তাহার একটী তালিকা দেওয়া গেল,—

দিবা ১ম প্রহরে কালাংড়া, খট, দেশকার, বাঙ্গালী, বিভাষ, ভটিয়ারী, ভৈরব, যোগীয়া, রামকেলী।

১ম ও ২য় প্রহরে ভৈরবী।

২য় প্রহরে আসাবরী, আলাহিয়া, কোকব, গান্ধার, গুনকেলী, গুর্ব্বরী, গৌরসারঙ্গ, তোড়ি, দরবারী, তোড়ী, দেওগিরি, পঞ্চম, বৃন্দাবনী, সারঙ্গ, বেলাবলী মধুমাধব সারঙ্গ, সর্ফর্দা, সারঙ্গা।

৩য় প্রহরে ভীম পলাশী, রাজবিজয়ে।

৩য় ও ৪র্থ প্রহরে মুলতান।

৪র্থ প্রহরে আভিরী, গৌরী, চিতাগৌরী, জয়শ্রী, জয়ন্ত, ত্রিবণ, ধনশ্রী, পুরবী, পুরিয়া, পুরিয়া-ধনশ্রী, বৈরাটী, মারোয়া, মালশ্রী মালি-গৌরী, ললিতা-গৌরী, শ্রীরাগ, শ্রীটঙ্ক, সাজগিরি।

রাত্র ১ম প্রহরে ইমন, কল্যাণ,

later.) To make or exact a law or law কোন ধারা, ব্যবস্থা বা আইন স্থির করা।

Legislation (leg-is-la-tion) *n.* (Fr. *lagislation.*) The act of legislating or enacting law বিধি বা ব্যবস্থা দেওয়া।

Legislative (leg-is-la-tive) *a.* (*ad.* Legislatively ; *n.* Legislator ; Legislatorship ; Legislateress ; Legislateren , *a.* Legislatorial.) Giving or enacting law আইনকারী, pertaining to the enacting laws আইনকরণবিষয়ক বা তৎসম্বন্ধীয় ব্যবস্থা ; done by enacting বিধিদায়ী।

Legislature (lej is-lat-yur) *n.* The body of men in a state or king dom invested with power to mako and repeat laws ; the supreme power or of a state বিধিকরণ বা দেওন ; ক্ষমতাযুক্ত লোকসমূহ।

Legist (le gist) *n.* (Fr. *legiste.* Lat. *legista.*) One skill in the law শাস্ত্র বা আইন জানে যে ; শাস্ত্রবিৎ ; আইনজ্ঞ।

Legitimacy (le-get-i-ma-cy) *n.* (Fr. *legitimite* Lat. *legimitas.*) Lawfulness of birth ঔরসজাত ; বৈধজন্ম ; accordance with law বিধিসঙ্গত ; genuiness or reality যথার্থ। অকৃত্রিম ; regular sequence or deduction পর্যায়ক্রমতা।

Legitimate (le-git-i-ma-te) *a.* (Lat. *legitimatus.*) Born in wedlock ; lawfully begotten or born ঔরসজাত ; accordant with law বিধিসিদ্ধ ; শাস্ত্রসম্মত ; genuine ; real আসল ; প্রকৃত ; acknowledged as requisite প্রয়োজনীয়।

Legitimate (le-git-i-mate) *v. t.* (*imp & p. p.* Legitimated ; *p. pr. & vb.* *n.* Legitimating ; Lat. *legitimatus* ; lawful ; Fr. *legisti-*

ব্রহ্মহত্যাজনিত পাপ লাভ করে এবং মাতৃগমনের তুল্য পাপী হয় ; ইহাতে সংশয় নাই। হে ইন্দ্র ! ঐ পাপী তাহা হইতে উত্তীর্ণ হইয়া বিষ্ঠাকৃমি হইয়া জন্মায়। তথায় ঐ পাপিষ্ঠ সহস্র কোটি বৎসর অবস্থান করিয়া, সহস্র কোটি বৎসর পুংশ্চলীযোনিতে কৃমি হইবে। ভ্রাতৃজায়া-হরণ-পাপে ঐ পাপী, সহস্রকোটি জন্ম গৃধ্র, শত জন্ম কুক্কুর ও শতজন্ম শূকর হইবে। যে বলিষ্ঠ ব্যক্তি দুর্ব্বল জ্ঞাতিকে তাহার পৈতৃক ধন না দেয় ; সে সোম সূর্য্যের স্থিতিকাল পর্য্যন্ত কুম্ভীপাক নরকে গমন করে। কর্ম্মের ভোগ না হইলে, শত কোটি কল্পেও ক্ষয় না ; অনুষ্ঠিত শুভাশুভ কর্ম্মের ফল অবশ্যই ভোগ করিতে হয়। সুরগুরু জগদ্‌গুরু শিবেরও গুরুপুত্র, এ কারণে এই বিবরণ বলিশ্রেষ্ঠ ঈশ্বরকে জ্ঞাত করান। সকল দেবগণ সবাহনে সজ্জিত হইয়া নর্ম্মদাতটে অবস্থান করুন ও মুনিগণ মধ্যস্থ হইয়া থাকুন। শিবের এই পূজনীয় গুরুপুত্র শীঘ্র কৈলাসে গমন করুন, আমি পবিত্র নর্ম্মদাতটে যাইতেছি।” দেবরাজ কহি

কামোদ, কেদারা, ছায়ানট দরবারি কানেড়া, নট, নটকিত্র, নিশাসাগ ভূপালী মারু, শুক্লবেলা, বেলী, শ্যাম, হাম্বির।

১ম ও ২য় প্রহরে কালাংড়া, খাম্বাজ, পিলু, বসন্ত, বারোয়া, মল্লার, মেঘ, সুরট, সিন্ধুড়া।

২য় প্রহরে আড়ানা, গারা, গৌড়, জয়জয়ন্তী, ঝিলফ, ঝিঁঝোট. তিলক কামদ, দেশাক, দেশ, পটমঞ্জরী, পরোজ, পাহাড়ী, বাগশ্রী বাহার, মালকৌশ, মিঞা মল্লার, লুম, শঙ্করা, শঙ্করাভরণ, সাহানা, সিন্ধু সুরট মল্লার।

২য় ও ৩য় প্রহরে বেহাগ, হিন্দোল।

রাত্র ৩য় প্রহরে বেহাগড়া।

৩য় ও ৪র্থ প্রহরে সোহিনী।

৪র্থ প্রহরে ললিত।

কৌমুদী নামক সংগীতগ্রন্থে দেখিতে পাওয়া যায় যে, শ্রীপঞ্চমীতে আরম্ভ করিয়া দুর্গোৎসবকাল পর্যান্ত বসন্ত রাগ গীত হইতে পারে। ভৈরব প্রভাতে বরাটি প্রভৃতি মধ্যাহ্নে, কর্ণাট, ও নাট সায়ংকালে, শ্রীরাগ ও মালব প্রভৃতিব গান করিলে দোষ নাই। যথা—

"শ্রীপঞ্চমীং সমারভ্য যাবদ্দুর্গা মহোৎসবম্।
তাবদ্বসন্তো গীয়েত প্রভাতে ভৈরবাদিকঃ।
মধ্যাহ্নেতু বরাট্যাদেঃ সায়ং কর্ণাট নাটয়োঃ।
শ্রীরাগ মালবাদেস্তু গানে দোষো ন বিদ্যতে।

ইন্দ্র পূজার কাল হইতে (শ্রাবণ মাস) দিকপতি পূজার সময় পর্য্যন্ত মালব রাগ গেয়। যথা—

ইন্দ্রপূজাং সমাসাদ্য যাবদ্দিক্পালার্চ্চনম্।
তাবদেব সমুদ্দিষ্টং গানং বৈ মালবাশ্রয়ম্।

সংগীতাচার্য্যেরা এইরূপ বহু প্রকার উপদেশ করিয়াছেন, নানা গান কালের নিয়ম বলিয়াছেন, পরন্ত যে দেশে যে সময়ে প্রধান সংগীতাচার্য্যেরা যাগ গান করিয়া গিয়াছেন; বিজ্ঞ ব্যক্তি সেই দেশে সেই সময়ে তাহাই গান করিবেন। যথা—

এবম্ বহুধাচার্য্যৈ র্গানকালঃ সমীরিতঃ।
যস্মিন্ দেশে যথা শিষ্টৈ র্গীতং বিজ্ঞস্তথা চরেৎ॥"

অকাল বা অসময়ে গাইলে দোষ হয় গানের সময় মর্য্যাদা অতিক্রম করিলে

miter. *ad.* Legitimately ; *n.* Legitimateness ; Legitimation ; Legitimatist. Legitimist.) To make lawful ; to legalize বিধিসম্মত করা ; পৈত্রিক ধনসম্পত্তি প্রাপ্ত করান ; to render legitimate ঔরসজন্ম ; যাথার্থ্য হওন।

Legitimize (le-git-i-mize) *v. t.* (*imp & p. p.* Legitimized , *p. pr. & vb. n.* Legitimizing.) To legitimate or lawfull বিধি বা আইন সিদ্ধ করা।

Legitive (leg-i-tive) *a.* Lawful legitimate আইনসঙ্গত ; ঔরসজাত।

Legless (leg-less) *a.* Having no legs পদহীন।

Legume (leg-ume) *n.* (Fr. *legume* Lat. *legumen* to gather) (*Bot.*) A pod dehiscent into two prices or valves, and having the seed attached at one Suture, as that of a pea শিম বা মটর বৃক্ষবিশেষ ; বড় বড় বীজপূর্ণ শস্য।

Leiophyllum (lei-o phyl-lum) *n.* (*Bot.*) A genus of law ; branching evergreen shrub ; having smooth ; spining leaves, and small white flower গুল্মবিশেষ।

Leipoa (lei-poa) *n.* (*Ornith.*) A genus of birds including but single species found in Australia They lay their eggs in a mound of sand. to be hatched by the heat of the sun, in other respect they resemble the common fowl পক্ষিবিশেষ।

Leisure (le-zhur) *n.* (O. E *leisere.* Fr. *leiser* ; Lat. *licere* to be permitted. *ad.* Leisureably ; *a* Leisurable ; leisury. *ad.* Leisurely.) Time free from employment, vacant time ; freedom from occupation or business অবকাশ · কর্ম্ম থাকে না যে সময় ; সুযোগ ; convenient opportunity ; time which

লেন ;—"এই সুরগুরু কিরূে বেদপ্রণেতা, সিদ্ধ ও যোগি গণের গুরু, মৃত্যুঞ্জয় শিবে গুরুপুত্র হইলেন ? অঙ্গি আপনার পুত্র, তাঁহার পুত্র সুরগুরু ; মহাদেব, আপন অপেক্ষাও জ্ঞানী, কিরূপে সুরগুরু পিতার শিষ্য হইলেন ?' ব্রহ্মা কহিলেন,—"হে দেবরাজ এই কথা পুরাণে অতিগোপনে কথিত আছে, এই পূর্ব্বতন বিবরণ কহিতেছি শ্রবণ কর,—পূর্ব্বে অঙ্গিরার ভার্য্যা কর্ম্ম দোষে মৃতবৎসা হইলে, আমার কথানুসারে পরমাত্মা শ্রীকৃষ্ণের ব্রত অবলম্বন করিয়াছিলেন। তিনি পুংসবন নামক, কৃষ্ণ-ব্রত করিলেন। ঐ ব্রত সনৎকুমার তাঁহাকে করাইয়াছিলেন। তৎকালে দয়াময়, ভক্তের প্রতি কৃপাবশতঃ দেহধারী, স্বেচ্ছাময়, উৎকৃষ্ট জ্যোতিঃস্বরূপ, পরমাত্মা গোলোক হইতে আসিয়া কৃপাময় সনৎকুমার কর্ত্তৃক স্তুত হইলেন ও অনশনক্লেশক্ষীণা ব্রতধারিণী সবাষ্পনয়না বিনীতা প্রণামনিরতা অঙ্গিরাপত্নীকে কহিলেন—তোমার ব্রতের ফল স্বরূপ, মদীয় তেজোবিশিষ্ট এই ফল ভোজন কর ; ইহাতে আমার অংশে আমার বরপুত্র-

সর্ব্বনাশ হয়। কিন্তু শ্রেণীবদ্ধ, রাজাজ্ঞা, ও রঙ্গভূমিতে দোষ হয় না। যথা—
"সময়োল্লঙ্ঘনং গানে সর্ব্বনাশকরং ধ্রুবম্।
শ্রেণীবদ্ধে নৃপাজ্ঞায়াং রঙ্গভূমৌ ন দোষদম্।
কোহলীয় গ্রন্থে ইহার প্রায়শ্চিত্ত আছে। লোভ বা মোহবশতঃ যদি বিরাগে গান করে তবে সুরস গুজ্জরী গাইলেই তজ্জন্য দোষ নষ্ট হয়। যথা,
লোভাৎ মোহাচ্চ যে কেচিৎ গায়ন্তি চ বিরাগতঃ।
সুরসা গুজ্জরী তস্য দোষং হন্তীতি কথ্যতে॥
রত্নমালাগ্রন্থে উক্ত আছে, বসন্ত, রাম কিরী, সুরসা, গুজ্জরী, এই কয়েকটী সকল সময়ে গাইতে পারে, কিছু দোষ হয় না। যথা,
বসন্তো রামকিরী চ গুজ্জরী সুরসাপি চ।
সর্ব্বস্মিন্ গীয়তে কালে নৈব দোষোভি-জায়তে॥
নারদের একটী বিশেষ উক্তি আছে। ১০ দণ্ড রাত্রের পর সকল গানই করিতে পারে। যথা,
"দশদণ্ডাৎ পরং রাত্রৌ সর্ব্বেষাং গান-মীরিতম্॥"
অবশেষে রাগ সকলের ঋতুবিভাগ বর্ণন করা যাইতেছে।
"শ্রীরাগো রাগিণীযুক্তঃ শিশিরে গীয়তে বুধৈঃ
ভার্য্যাসহ শ্রীরাগ শিশির ঋতুতে গীত হইয়া থাকে।
"বসন্ত সসহায়স্ত বসন্তর্ত্তৌ প্রগীয়তে॥"
সসহায় বসন্তরাগ বসন্তকালে গীত হয়।
ভৈরবঃ সসহায়স্ত ঋতৌ গ্রীষ্মে প্রগীয়তে।
পঞ্চমস্ত তথা গেয়ো রাগিণ্যা সহ শারদে॥
সসহায় ভৈরব গ্রীষ্ম ঋতুতে গীত হয়। ভার্য্যাসহ পঞ্চমরাগ শরৎকালে গেয়।
মেঘরাগো রাগিণীভির্য্যুক্তো বর্ষাসু গীয়তে।
রাগিণীর সহিত মেঘরাগ বর্ষাকালে গান হইয়া থাকে।
নট্টনারায়ণো রাগো রাগিণ্যাসহ হৈমকে।
রাগিণীসহ নট্টনারায়ণ রাগ হিম ঋতুতে গেয়।
যথেচ্ছা বা গাতব্যা সর্ব্বর্ত্তুষু সুখপ্রদাঃ।
সুখপ্রদ রাগসকল যথেচ্ছা অর্থাৎ ইচ্ছানুসারে সকল ঋতুতে গাইতে পারে।

may be appropriated to any specific object অবসরকাল; স্বেচ্ছাধীন কালযাপন করণ ক্ষমতা।

Leman (le-man) *n.* (O. Eng. *lef-mon* from *life*, and *man.*) A sweetheart of either sex; a gallant, or a mistress প্রিয়পাত্রী।

Leme (leme) *n.* (A-S. *leoma*, light frightness.) A ray or glumer of light কিরণ; রশ্মি; ছটা; শিখা।

Leme (leme) *v. t.* To shine আলো করা; উজ্জ্বল করা।

Lemma (lem ma) *n.* (Lat. *lemmata*; Eng. *lemmas*; Gr. *lemma*, any thing received, from *lambano*) An assumption or premise taken for granted স্বীকার্য্য; (*Mach.*) any proposition demonstrated for immediate use in the demonstration of some other proposition পূর্ব্ব প্রস্তাবিত প্রশ্ন বা পক্ষ।

Lemming (lem ming) *n.* (*Zool.*) A burrowing animal of the rat family. These animals are found in the north of Europe, and are remarkable for their periodic migration in great swarms: Southward, in which they are said, continued in a straight line, uninpeded by any obsticle, swemming rivers, till they reached the sea, where multitudes are drowned. These migrations occur once in about ten years ইন্দুরের ন্যায় একপ্রকার জন্তু ইউরোপের উত্তরাংশে দেখিতে পাওয়া যায়।

Lemon (le-mon) *n.* (Fr. *lemon.* It. *lemoni.* Ar. *laimun.*) A roundish fruit resembling the orange, and containing an intensely acid pulp. It is produced by a tropical tree of the genus *citrus* লেবু; জামির; the tree that produces lemon লেবুগাছ।

রূপে তোমার পুত্র জন্মিবে। হে সতি, আমার বরে সকল দেবগণের প্রভু, গুরুশ্রেষ্ঠ, জ্ঞানিগণের অগ্রগণ্য সুরগুরু নামে তোমার পুত্র হইবে। যে আমার বরে জন্মলাভ করে, সে আমারই বরপুত্র হইয়া থাকে। তোমার গর্ভে আমার যে পুত্র হইবে, সে চিরজীবী হইবে। বরজ, বীর্য্যজ, ক্ষেত্রজ, পাল্য, বিদ্যাস্থ, মন্ত্রজ, দত্তক, এই সপ্ত প্রকার পুত্র হইয়া থাকে।" সেই রাধিকানাথ এইরূপ কহিয়া গোলোকে গমন করিলেন। সে কারণে সুরগুরু—কৃষ্ণের পুত্র; জ্ঞানী ও দেবগণের গুরু হইয়াছেন। পূর্ব্বে মহাদেব, দিব্যমানের ত্রিলক্ষ বৎসর তপস্যা করেন; তাহাতে হরি, তাঁহাকে মৃত্যুঞ্জয়াত্মক মহদ্‌জ্ঞান, স্বীয় অখিল জ্ঞান, উৎকৃষ্ট আত্ম-তেজ, বিষ্ণুমায়াত্মিকা আত্মশক্তি নিজ-অংশভূত বাহন বৃষ, ত্রিশূল, কবচ ও দ্বাদশাক্ষর মন্ত্র প্রদান করিয়াছিলেন;—তখন দয়াময় পরাৎপর হরি, তৎকর্ত্তৃক বহুতর স্তুত হইয়াছিলেন। পরাৎপর বিষ্ণু মহাদেবের গুরু এবং দেবগুরু জীব শ্রীকৃষ্ণের বরপুত্র সুতরাং শিবের গুরুপুত্র।

সঙ্গীত বিদ্যার গ্রন্থ সকলের আর দুইটী অংশ আছে, তাহা প্রকীর্ণক এবং অপর একটি অংশ তাহা প্রবন্ধ নামে অভিধেয়। প্রত্যেক গ্রন্থের প্রকীর্ণক অংশে গীতের উপযোগী, আলপ্তি, গমক, প্রভৃতির নিরূপণ আছে। প্রবন্ধ নামক অংশে স্বর এবং গীতের যে কিছু উপকরণ (বস্তু, রূপক প্রভৃতি) সমস্তই নির্ণীত আছে।

হিন্দুসংগীতে চারিটী মত প্রধান,—(১) ব্রহ্মার মত (২) ভরত মত, (৩) হনুমন্ত মত ও (৪) কল্লিনাথ মত। কোনকালে কোন সংঙ্গীতবিদ সংস্কৃত সংগীত গ্রন্থের মতানুসারে যে সংগীতালোচনায় নিরত ছিলেন তাহা তাহাদিগের কার্য্য হইতে প্রকাশ পায় না। কারণ অধিকাংশ সঙ্গীতবিদ্ পণ্ডিতগণ সংস্কৃত শাস্ত্রে অনভিজ্ঞ ছিলেন। তাহার পিতৃপৈতামহিক মত ও পদ্ধতি অনুসারে গান শিক্ষা করিতেন ও শিষ্যবর্গকে শিখাইতেন। সুতরাং বিভিন্নবংশীয় সঙ্গীতাধ্যাপকগণের সংগীত মত বিভিন্ন। এতদ্ভিন্ন বিভিন্ন স্থানের ব্যবসায়ী গায়কগণের মধ্যে সংগীত আলোচনা বিভিন্ন প্রকার—এইরূপ বরাবর দেখিতে পাওয়া যায়। এই জন্য শাস্ত্রপ্রণেতা সংগ্রহকারগণের মতের নৈক্য পরিদৃষ্ট হয়। আধুনিক হিন্দুস্থানীগণের মধ্যে হনুমন্তমতের প্রচলন দেখা যায়। কিন্তু ব্রহ্মার মতটী কৃত্রিম বলিয়া অনুমিত হয়। সে যাহা হউক, বস্তুতঃ রাগ রাগিণী স্বরবিন্যাসমাত্র এবং তাহাদের জাতি ও নামাবলী কাল্পনিক।

লোকে বলে যে, আদি ছয় রাগ হইতেই ৩৬ রাগিণী উৎপন্ন হইয়াছে, ইহা যদি প্রকৃত হইত, অর্থাৎ এক এক রাগের স্বর-বিন্যাসের অংশ ও ছায়া লইয়া যদি ছয়টি রাগিণীগুলি রচিত হইত, তাহা হইলে কোন্ কোন্টী যে আদি ছয় রাগ, তাহা মীমাংসা করার কতক প্রয়োজন হইত। কিন্তু ছয় রাগ ও ছত্রিশ রাগিণী যে সেরূপ নহে, তাহা সংগীতনিপুণ ব্যক্তিমাত্রেই জানেন। অতএব আদি রাগ বিষয়ে বাদানুবাদ করা পণ্ডশ্রম মাত্র। নিম্নে ভিন্ন ভিন্ন মতের আদি রাগ রাগিণীর বর্ণনা হইতেছে:—

Lemonade (lem-on-ade) *n.* (Fr. *lemonide* , It. *lemonata.*) A beverage consisting of lemon juice mixed with water and sweetened নেবুর রস ও চিনির জলে মিশ্রিত পানীয় দ্রব্য।

Lemongrass (lem on-grass) *n.* (*Bot.*) A fragrant grass found in India একজাতীয় সুগন্ধযুক্ত ঘাস।

Lemur (le-mur) *n.* (*Zool.*) One of the family of nocturnal animals allied to the monkeys, but of small size, and having a sharp and fox-like muzzle. They feed upon birds, insects, and fruits, and are found in the island of Madagascar and the neighbouring isle বানরজাতীয় একপ্রকার রাত্রিচর জন্তু, মেডেগ্যাস্কার ও তৎসান্নিধ্য দ্বীপে দেখিতে পাওয়া যায়।

Lemuris (lem-ya-reez) *n. pl.* Spirit or ghosts of the departed specters ভূত বা পিশাচবিশেষ।

Lend (lend) *v. t.* (*imp* & *p. p.* Lent. *p. pr.* & *vb. n.* Lending. O. Eng *lende* ; Dan. *loane.*) To grant to another for temporary use ; to loan কোন দ্রব্য ব্যবহার করিতে দেওয়া ; ধার দেওয়া ; to let for hire or compensation ; to afford , to grant in general ভাড়া দেওয়া ; দান করা ; দেওয়া।

Lending (lend-ing) *n.* (*a.* Lendable , *n.* Lender.) Capable of being lend ; that which is lent হাওলাৎ , কর্জ্জ , দত্তদ্রব্য।

Length (length) *n.* (A S. *lengdh* , Ger. *lange.*) The longest line which can be drawn through a body, parallel to its side, the longest measure of any body দীর্ঘতা : লম্বা ; the extent of any thing from end to end একদিক হইতে অন্য দিক পর্য্যন্ত ; a determined portion of time indefi-

লজ্জায় মলিনমুখ শোভাহীন বৃহস্পতি, শীঘ্র কৈলাসে গমন করিয়া, মহাদেবকে প্রণাম করত অগ্রে অবস্থান করিলেন। মহাদেব গুরুপুত্রকে দর্শনমাত্রে কুশাসন হইতে উত্থিত হইলেন ও তাঁহাকে শীঘ্র আলিঙ্গন ও মঙ্গল-আশীর্ব্বাদ করিলেন। তখন মহাদেব, ভীত ও লজ্জিত বৃহস্পতিকে আসনে বসাইয়া কুশল বাক্য জিজ্ঞাসা করিলেন ও সুমধুর বাক্যে কহিলেন;—কেন আজি তুমি এ প্রকার দুঃখিত, মলিন বাষ্পাকুল-নয়ন, ভীত ও লজ্জিত ; তাহার কারণ বল। হে মুনে ! তোমার তপস্যায় কি কোনরূপ ব্যাঘাত হইয়াছে? কি সন্ধ্যা, কিংবা শ্রীহরির সেবায় দৈবদোষে ব্যাঘাত হইয়াছে ? কি গুরুদেব কিংবা অভীষ্টদেব হরিতে ভক্তিহীন হইয়াছ ? কিংবা সমাগত শরণাপন্ন ব্যক্তির রক্ষা করিতে পার নাই ? অথবা তোমার অতিথি বিমুখ হইয়াছে ? কি তোমার অবশ্য-পোষ্য সকল বুভুক্ষায় পীড়িত ? বা তোমার সেই স্ত্রী স্বাধীনা হইয়াছে ? কিংবা তোমার পুত্র কটুবাদী বা তোমার শিষ্য সুশাসিত হয়

হনুমন্তমতে আদি ছয় রাগ,—১ ভৈরব, ২ শ্রী, ৩ মেঘ, ৪ হিন্দোল, ৫ মালকোশ, ও ৬ দীপক।

ব্রহ্মার মতে আদি ছয় রাগ,—১ ভৈরব ২ শ্রী, ৩ মেঘ, ৪ বসন্ত, ৫ পঞ্চম, ও ৬ নট নারায়ণ।

ভরতমতে আদি ছয় রাগ হনুমন্ত মতের ন্যায়, ও কল্লিনাথ মতের ছয় রাগ ব্রহ্মার মতের অনুযায়ী। নারদ সংহিতা মতে ছয় রাগ,—মালব, মল্লার শ্রী, বসন্তক, হিন্দোল, ও কর্ণাট। অন্য মতে অন্য প্রকার। আবার কোন মতে আদি রাগ বিংশতিটী।

আদি রাগিণী সম্বন্ধেও ঐ রূপ, অর্থাৎ ভিন্ন ভিন্ন মতে ভিন্ন ভিন্ন প্রকার, তাহা নিম্নে প্রদর্শিত হইল। ভরত ও হনুমন্ত মতে এক একটী রাগের পাঁচ পাঁচ রাগিণী, ব্রহ্মা ও অন্যান্য মতে রাগের ছয় ছয় রাগিণী:—

(১) হনুমন্ত মতানুযায়িক রাগিণী।

ভৈরব-রাগের—ভৈরবী, সৈন্ধবী, বাঙ্গালী, বৈরাটি, ও মধুমাধবী।

শ্রীরাগের—মালশ্রী, মালবী, ধনশ্রী, বাসন্তী ও আসাবরী।

মেঘ-রাগের—সৌরাটী, টঙ্কা, ভূপালী, গুর্জ্জরী ও দেশকারী।

হিন্দোল-রাগের—রামকলী, বেলাবলী, ললিতা, পটমঞ্জরী ও দেশাক্ষী।

মালকোশ-রাগের—কুকুভা, খাম্বাবতী, গুণকলী, গৌরী ও তোড়ি।

দীপক-রাগের—দেশী, কামোদী, কেদারী, কর্ণাটী ও নাটিকা।

(২) ব্রহ্মার মতানুযায়িক রাগিণী।

ভৈরব-রাগের—ভৈরবী, গুর্জ্জরী, রামকেলী, গুণকেলী, সৈন্ধবী ও বাঙ্গালী।

শ্রী-রাগের—মালশ্রী, ত্রিবণী, গৌরী, কেদারী, মধুমাধবী ও পাহাড়ী।

মেঘ-রাগের—মল্লারী, সৌরটী, সাবেরী, কৌশিকী, গান্ধারী ও হরশৃঙ্গারী।

বসন্ত-রাগের,—দেশী, দেবগিরি, বৈরাটি, তোড়ি, ললিতা ও হিন্দোলী।

পঞ্চম-রাগের,—বিভাষা, ভূপালী, কর্ণাটী, বড়হংসিকা, মালবী ও পটমঞ্জরী।

নট রাগের—কামোদী, কল্যাণী, আভীরী, নাটিকা, সারঙ্গী ও হম্বীরা।

nate duration নিরূপিতকাল; বহুকাল-ব্যাপকত্ব ; distance দূর ; শেষ।

Lengthen (length-en) *v. t.* (*imp & p. p.* Lengthened , *p. pr. & vb n.* Lengthening. A-S. *langian* ; *v. i* Lengthen ; *a.* Lengthful ; Lengthy , *n.* Lengthiness ; *ad.* Lengthily , Lengthwise; Lengthways.) To extend in time , to protract ; to continue in duration দেরি করা , বিলম্ব করা ; বৃদ্ধি করা ; to make longer ; to elongate , to extend in length দীর্ঘ করা ; লম্বা করা , বিস্তৃত করা।

Lenient (le-ni-ent) *a.* (Lat *leniens p pr* of *lenire* to soften.) Softening , mitigating উপশমক ; কোমল , নরম , স্নিগ্ধ , relaxing আলগা , ঢোলা , merciful , acting without rigour or severity , mild শান্ত , কৃপাবান , শৈথিল্যজনক।

Lenient (le-ni-ent) *n.* (*n.* Leniment ; Lenitive , Lenity , *a.* Lenitive , *v. t* Lenify , *ad* Leniently) That which softens or assuages , an emollient স্নিগ্ধ প্রলেপ ; স্নিগ্ধ বা নরমকারক ঔষধ।

Lens (lens) *n.* (*pl* Lenses , Lat. *lens*) (*Opt*) A piece of glass or other transparent substance, ground with two opposite regular surfaces, either both curved, or one curved, and other plane, and commonly used, either singly or combined, in optical instruments, for changing the direction of rays of light, and thus magnify object, or otherwise modifying vision কাচবিশেষ , মধ্যে ফাঁপ বা স্থূলত্ববিশিষ্ট কাচবিশেষ।

☞ There are six varieties of lenses *a. plano-concave* , *b. double-concave* ; *c. plano-convex* ; *d. double-convex* , *e. meniscus* , *f concavo-convex.*

নাই? কি ভৃত্য সকল উত্তর প্রদান করে না? কিংবা তোমার লক্ষ্মী বিমুখী বা তোমার গুরুদেব কুপিত হইয়াছেন? তোমার গুরুদেব,—বশিষ্ঠ গৌরবান্বিত, মহান্, সর্ব্বদা সন্তুষ্টচিত্ত এবং সাধুগণের অগ্রণী, তাঁহার ত কোপ সম্ভবে না। অভীষ্ট দেব হরি কি কুপিত হইয়াছেন? কি বিপ্রগণ বা বৈষ্ণবগণ তোমার প্রতি ক্রুদ্ধ হইয়াছেন? কি তোমার শত্রু প্রবল হইয়াছে? কিংবা তোমার বন্ধুবিচ্ছেদ বা বলবানের সহিত বিরোধ হইয়াছে? কিংবা তোমার পদ, বন্ধু, ধন পরকর্ত্তৃক অপহৃত হইয়াছে? হে বৃহস্পতে! কোন ক্রূর পাপী ব্যক্তি কি তোমার নিন্দা করিয়াছে? অথবা কোন প্রিয়তম বন্ধুকর্ত্তৃক পরিত্যক্ত হইয়াছ? কি তুমি বৈরাগ্য বা ক্রোধবশতঃ কোন বন্ধুকে পরিত্যাগ করিয়াছ? কি তীর্থে স্নান বা পুণ্যদিনে দান কর নাই? কি খলের মুখ হইতে গুরুনিন্দা বন্ধুনিন্দা শ্রবণ করিয়াছ? সাধুগণের গুরুনিন্দা শ্রবণ মরণ হইতেও অতিরিক্ত কষ্টকর। নীচকুলোদ্ভব অসাধু নারকী খলগণের, পুনঃপুনঃ

অন্যান্য মতে রাগিণী অন্য প্রকার। ঐ সকল রাগ-রাগিণীর অনেকেই অপ্রচলিত হইয়া গিয়াছে। দীপক-রাগের স্বর-বিন্যাস অবগত আছে, এমন গায়ক কি বাদক বহুকাল হইতে দেখা যায় না। আরও যদি পনর বিশ বৎসর ভারতবর্ষে স্বরলিপির ব্যবহার হইতে বিলম্ব হইত, তাহা হইলে রাগের মধ্যে ভৈরব ও মালকোশ, এবং রাগিণীর মধ্যে ভৈরবী, রামকেলী, সৈন্ধবী, কেদারী, গৌরটী, দেশী, তোড়ি, ললিতা, হম্বীরা, ও খাম্বাবতী ভিন্ন আর সকলে লোপ পাইত। এখনও যাহারা চলিত আছে, তাহাদের মূর্ত্তি প্রাচীন কাল হইতে অনেক পরিবর্ত্তিত হইয়া গিয়াছে।

পূর্ব্বেই বলা হইয়াছে যে কোন রাগের ছায়া অবলম্বন পূর্ব্বক, তাহার রাগিণী-নিচয় স্থিরীকৃত হয় নাই, কারণ রাগের গঠিত রাগিণীগণের প্রাচীন কিম্বা আধুনিক স্বর-বিন্যাস তুলনা করিলে, কচিৎ কোন রাগিণী তদীয় রাগের ছায়ার অনুরূপ দৃষ্ট হয়, যথা,—ব্রহ্মার মতানুযায়িক রাগিণীর মধ্যে রামকেলী ও বাঙ্গালী, এই দুইটী কেবল ভৈরবের সদৃশ, অবশিষ্টগুলি অনেক ভিন্ন. ত্রিবণী ও গৌরী, এই দুইটী মাত্র শ্রীর সদৃশ, মল্লারী ও গৌরটী এই দুইটী কেবল মেঘের সদৃশ, বসন্তের কেবল ললিতা ভিন্ন আর সকল রাগিণী উহা হইতে অনেক পৃথক; পঞ্চমের কোন রাগিণী পঞ্চমের অনুরূপ নহে, নটের কামোদী ভিন্ন আর সকল রাগিণী নট হইতে অনেক পৃথক। হনুমন্ত মতেও ঐ রূপ; মালকোশের ও হিন্দোলের কোন রাগিণী উহাদের অনুরূপ নয়।

উল্লিখিত ৬ রাগ ও ৩৬ রাগিণী ব্যতীত আরও যে সকল রাগ-রাগিণী ব্যবহৃত হয়, তাহাদিগকে উহাদের পুত্র ও পুত্রবধূ, অথবা উপরাগ ও উপরাগিণী বলে। রাগাদির পুত্র ও পুত্রবধূ সম্বন্ধেও অনেক মতভেদ। কোন মতে এক এক রাগের আট আট পুত্র, কোন মতে ছয়, কোন মতে সাত। সেই সকল পুত্র ও পুত্রবধূ, অর্থাৎ উপরাগ ও উপরাগিণীদিগের বিস্তারিত বিবরণ নিষ্প্রয়োজন, কারণ তাহারাও রাগ-রাগিণীদের স্বর-বিন্যাসের

Lent (lent) *n.* (O. Eng. *lenten*; D. *lente*; O. H. Ger. *lenzo laugez*; N. H. Ger. *lenz.*) (Icel.) A fast of forty days, beginning with Ash-wednesday and continuing till Easter চল্লিশ দিন উপবাসসম্বন্ধীয় খ্রীষ্টীয় পর্ব্ববিশেষ; that which is loaned; a loan যাহা হাওলাৎ দেওয়া হইয়াছে, হাওলাৎ।

Lent (lent) *a.* (*Compar.* LENTER, *Superl.* LENTEST; Lat. *lentus*, Fr. *lent*, It. *lento.*) Slow, mild ধীর, শান্ত।

Lenticula (len-ti-c-u-la) *n.* (Lat *lenticula* dim.) (*Opt*) A lens of small size ক্ষুদ্র কাচ; (*Bot*) a small spot on stem of a plant বৃক্ষের গুঁড়ীর উপর ক্ষুদ্র দাগ, (*Med.*) a kind of eruption upon the skin গাত্রচর্ম্মের উপর ক্ষুদ্র ফুস্কুড়ী।

Lenticular (len-tic-u-lar) *a* (Lat. *lenticularis*, Fr *lenticulaire*, It. *lenticolare*, *ad.* Lenticularly) Resembling a lentil in size or form, having the form of a double-convex lens মসুর কলাই বা মসুরত্ববিশিষ্ট।

Lentigo (len ti-go) *n* (Lat. *lentis*, It. *lentigginoso*; *a.* Lentiginous) (*Med*) A prickly eruption on the skin ফুস্কুড়ী, মেচেতা।

Lentil (len-til) *n.* (Fr *lentille*, Lat. *lenticula*, It. *lenticchia.*) (*Bot.*) A leguminous weed of the genus ERVUM of small size, common in the fields of Europe তৃণবিশেষ।

Lentor (len-tor) *n* (Lat. *lentus* pliant, (It *lentore.*) Tenacity, Viscidity সংলগ্ন বা চটচটিয়া ভাব, slowness, delay অলসতা, বিলম্ব।

Lentous (len-tous) *a.* Viscid, tenacious সংলগ্নধর্ম্মক।

envoy len (-eLvwa) *n.* (Fr. *land envoy* a sending.) One or more

সাধুদিগের নিন্দা করাই দুঃস্বভাব। আর পরপ্রশংসাকারী পুণ্যবান্ সাধুগণ, ভারতে নিয়ত-কল্যাণ-ভাজন হইয়া সর্ব্বদা সুস্থচিত্তে বাস করেন। পুত্র, জল, সম্পত্তি, বল, ঐশ্বর্য্য, প্রতাপ, প্রজা, ভূমি, ধন, বাক্য, উন্নতি পবিত্র স্বভাব ও আচার-ব্যবহার, এই সকল বিষয়দ্বারা মনুষ্যের হৃদয় জ্ঞাত হওয়া যায়। যাহাদিগের যেরূপ অন্তর, তাহাদিগের সেইরূপ কল্যাণ হয়, ও যাহাদিগের যেরূপ পূর্ব্ব পুণ্য সঞ্চয় থাকে, তাহাদের সেই মত অন্তর হয়।” মহাদেব সেই স্থলে এইরূপ কহিয়া বিরত হইলেন; তখন বাগীশ্বর বৃহস্পতি স্বয়ং তাঁহাকে কহিলেন, “হে ঈশ্বর! যাহা হইয়াছে, তাহা অকথ্য, কি আর কহিব,—লোক স্বস্বকৃত কর্ম্মেরই অধীন। জীব, জন্মজন্মে নিজ নিজ কর্ম্মের ফল ভোগ করে, এই ভারতে ফলভোগব্যতীত কর্ম্মের ক্ষয় নাই। হে প্রভো! এ ভারতে মনুষ্যের সুখ, দুঃখ, ভয়, শোক, সকলই কর্ম্মবশতই হয়. উহা কেহ কেহ কহেন; আর কেহ কেহ কহেন, দৈববশতঃ; অন্য কেহ কহেন, স্বভাবেতে করিয়া ঐ

সাদৃশ্যানুসারে নিরূপিত হয় নাই, এবং সেই হেতু ঐ বিষয়ে প্রাচীন গ্রন্থকারদিগের মতেরও পরস্পর ঐক্য নাই। কালে কালে ক্রমে অসংখ্য রাগ-রাগিণীর ব্যবহার হইয়াছিল; স্বরলিপির প্রথা না থাকায় তাহাদের তিন চতুর্থেরও অধিক লোপ পাইয়াছে। বহুবিধ রাগ-রাগিণীর স্বর-বিন্যাস জানা থাকিলে, স্বর-বিন্যাসের প্রকৃতির সাদৃশ্যানুসারে রাগ-রাগিণীদিগকে বিভিন্ন জাতিতে শ্রেণীবদ্ধ করা কঠিন ব্যাপার নহে। মুসলমান বাদসাদিগের দরবারে হিন্দু সঙ্গীতের সমূহ অনুশীলন হওয়া কালীন, কতকগুলি রাগ-রাগিণীর কতিপয় বিভিন্ন শ্রেণী বা জাতিতে বিভক্ত হয়, সেই শ্রেণী বিভাগ অতি উৎকৃষ্ট ও কার্য্যোপযোগী, ও কার্য্যোপযোগী, ও তদ্দ্বারা রাগ শিক্ষারও সুন্দর সুবিধা হয়, যেমন অষ্টাদশ কানড়া, ত্রয়োদশ তোড়ি, দ্বাদশ মল্লার, নব নট, সপ্ত সারঙ্গ। কিন্তু স্বরলিপি অভাবে ইহারাও স্থায়ী হইতে পারে নাই, অনেকের কেবল নামমাত্র রহিয়াছে।

১৮ কানড়া—দরবারী, নায়কী, মুদ্রাকী, কৌশিকী, হোসেনী, সুহা, সুঘরাই, আড়ানা, সাহানা, বাগশ্রী, গারা,—ইহারা শুদ্ধ কানড়া, নাগধ্বনি কানড়া, টঙ্ক কানড়া, কাফী কানড়া, কোলাহল কানড়া, মঙ্গল কানড়া, শ্যাম কানড়া, ও সিন্ধাকি জয়জয়ন্তী,—এই কয়টী মিশ্র কানড়া।

১৩ তোড়ি—দরবারী-তোড়ি, আশাবরী, গুর্জরী, গান্ধারী, বাহাদুরী তোড়ি, ... বী তোড়ি, লক্ষ্মী তোড়ি, দেশী তোড়ি,—ইহারা শুদ্ধ তোড়ি, খট তোড়ি, মুদ্রা তোড়ি, সুঘরাই তোড়ি, ও জোয়ানপুরী তোড়ি—ইহারা মিশ্র তোড়ি।

১২ মল্লার—মেঘ, সুরট, দেশ, গৌড়, জয়জয়ন্তী, ধুরিয়া মল্লার, সুরদাসী, মল্লার, ইহারা শুদ্ধ মল্লার; নট মল্লার, নায়কী মল্লার, অরুণ মল্লার, মিঞা মল্লার, ও জাঙ্গ মল্লার—ইহারা মিশ্র মল্লার।

৯ নট—নট নারায়ণ অথবা বৃহন্নট, ছায়ানট, কেদার-নট, হাম্বীর-নট, কল্যাণ-নট, মল্লার-নট কামোদ-নট, আভীর-নট ও কদম্ব-নট।

despatch verses at the end of a piece, serving to convey the moral, or to address the poem to a particular person কবিতার নীতিপ্রকাশক শেষ কয়েক পংক্তি; result; conclusion ফল, শেষ।

Leo (li-o) *n.* (*Astron.*) The Lion; the fifth sign of the zodiac সিংহরাশি, রাশিচক্রের পঞ্চম রাশি।

Leod (le-od) *n.* People, nation লোক, জাতি।

Leonise (le-o-nise) *n.* (*Geog.*) A native or inhabitant of Leon, a province in Spain লিয়ন দেশবাসী।

Leonine (le-o-nine) *a.* (Lat. *leonis*, lion; It. *leonino.*) Belonging to or resembling a lion সিংহবৎ; সিংহের ন্যায়; a kind of verse; the ends of which rhymes with the middle রচনার রীতিবিশেষ।

Leopard (leop-ard) *n.* (Fr. *leopard*, O. Eng. *leopart*, Lat. *leopardus.*) (*Zool.*) A carnivorous degitigrade animal of the genus *Telis.* It is of yellow or fawn color, with cluster of black spots along the back and sides, and has white belly. It is found in India and Africa চিতা বাঘ; নাগেশ্বরী বাঘ।

Leopard'sbane (leop-ard's-bane) *n.* (*Bot.*) A plant of the genus *Arnic* বৃক্ষবিশেষ।

Leper (lep-er) *n.* (Fr. *lepre*, It. *lepra*, Lat *lepra.*) *a.* Leperous.) A person affected with leprosy কুষ্ঠরোগী।

Lepid (lep-id) *a.* (Lat. *lapidus.*) Pleasant, jocose সুন্দর; মনোজ্ঞ।

Leporine (lep-o-rine) *a.* (Lat. *leporinus* from *leporis* hare.) Pertaining to hare; having the nature or qualities of a hare খরগোসসম্বন্ধীয়; খরগোসধর্ম্মক।

Leprosy (lep-ro-sy) *n.* (O. Fr.

সকল হয়। হে বেদবেদাঙ্গপারগ, বেদে এই তিন প্রকার মতই উক্ত আছে। জীব, নিজ কার্য্যের জনক ও সেই কার্য্য দৈবসাপেক্ষ; চরিত্র ও জীবের আপনার পূর্ব্বকৃত কার্য্যানুরূপ হয়। সকল জীবেরই প্রতিজন্মে নিজ প্রাক্তন-কার্য্যবশত সুখ, দুঃখ, ভয়, শোক আপনার সহিত জন্মে। জীব সগুণ; সর্ব্বদাই আপন কার্য্যফল ভোগ করে; আত্মা, গুণশূন্য প্রকৃতি হইতে পৃথক্ সাক্ষী থাকিয়া কার্য্যফল ভোগ করান্। সেই সকলফলদাতা আত্মাই সকলের সেব্য, তিনিই দৈব, প্রাকৃত, কার্য্য সৃজন করেন। কার্য্যবশতই নরের লজ্জা, প্রশংসা ও প্রফুল্লতা হয়, এক্ষণে আমার এই ব্যাপার অতি লজ্জাকর, তথাপি আপনার নিকট কহিতেছি।"

সুরগুরু ইহা কহিয়া সকল বিবরণ তাঁহাকে কহিলেন। মহাদেব উহা শুনিয়া লজ্জায় অধোবদন হইলেন। হে নারদ তখন কুপিত শূলীর কর হইতে হঠাৎ জপমালা নিপতিত হইল; তিনি নিজে কম্পিতকলেবর ও আরক্তলোচন হইলেন। যিনি সংহারকারী রুদ্রের ঈশ্বর,

৭ সারঙ্গ—বৃন্দাবনী সারঙ্গ, মধুমাধ সারঙ্গ, গৌর সারঙ্গ, সামন্ত সারঙ্গ, বড়হংস সারঙ্গ, শুদ্ধ সারঙ্গ ও মিয়াকী সারঙ্গ।

অনেক ওস্তাদে বলেন, যে ইমন, ভূপালী—শ্যাম, হম-ক্ষেম. ইহারা কল্যাণ জাতি; দেওগিরি, কোকভ, আলাহিয়া, ও সফর্দ্দা, ইহারা—বেলাবলি জাতি। ভৈরব ত্রিবিধ,—আনন্দ-ভৈরব, মঙ্গল-ভৈরব ও শুদ্ধ-ভৈরব; শ্রী পাঁচ প্রকার,—জয়শ্রী, মালশ্রী, ধনশ্রী, বসন্তশ্রী ও শ্রীটঙ্ক। কেদারা ও তিন প্রকার,—শুদ্ধ কেদারা, জলধর কেদারা ও মারু কেদারা; বেহাগ তিন প্রকার,—শুদ্ধ বেহাগ, অরুণ বেহাগ ও বেহাগড়া, শঙ্করা তিন প্রকার—শঙ্করা-অরুণ, শঙ্করা-ভরণ ও শঙ্করা-করণ।

মারোয়া, পুরিয়া, বিবণ ও জয়ন্ত, —ইহারা সম-প্রকৃতিক; মুলতানী, ভীম-পলাশী, ধানী ও রাজবিজয়, —ইহারা সম-প্রকৃতিক; খাম্বাজ, ঝিঁঝিট ও দুম,—ইহারা সম-প্রকৃতিক; সিন্দুরিয়া (সিন্দুড়া), সিন্ধু ও কাফী—সম-প্রকৃতিক; ভৈরব, রামকেলী, বাঙ্গালী, কালাংড়া ও যোগিয়া,—ইহারা সম-প্রকৃতিক বিভাষ ও দেশকার—সম-প্রকৃতিক, শঙ্করা ও বেহাগ—সম-প্রকৃতিক; সোহিনী, বসন্ত ও হিণ্ডোল—সম-প্রকৃতিক, শ্রী, গৌরী, পূরবী, বরাটী, মালিগৌরা ও সাজগিরি, —ইহারা সম-প্রকৃতিক, পঞ্চম ও ললিত —সম-প্রকৃতিক, ইত্যাদি। সম-প্রকৃতিক রাগিণীগুলি একই ঠাটে গীত হয়।

প্রাচীন সংস্কৃত সংগীত-গ্রন্থকারগণ রাগ-রাগিণীকে এক প্রকার তিন শ্রেণীতে বিভক্ত করিয়াছেন; যথা:—শুদ্ধ, সালঙ্ক ও সংকীর্ণ। যে সকল রাগে অন্য কোন রাগ মিশ্রিত নাই, তাহাদিগকে শুদ্ধ, যে সকল রাগ দুই রাগ মিশ্রণে উৎপন্ন, তাহাদিগকে সালঙ্ক, এবং যে সকল রাগ তিন তিন ততোধিক রাগ মিশ্রণে উৎপন্ন হইয়াছে, তাহাদিগকে সংকীর্ণ বলা হইয়াছে। কোন্ কোন্ রাগ এই তিনের কোন্ শ্রেণীর অন্তর্গত, তৎসম্বন্ধে গ্রন্থকারদিগের মধ্যে অনেক প্রকার মত ভেদ আছে। কাপ্তেন উইলার্ড

leprosie; It. *lebbrosia.*) (*Med.*) A cutanious disease (*Lepra vulgaris.*) It first appear as reddish, spining, solid, slightly prominent spot, with spreading edges. These spots become scaly at the centre, usually of a white color. The disease produces only a slight itching of the surface, but sometimes excites constitutional disturbance. It is an incurable disease কুষ্ঠ; কুট, মহাব্যাধি।

Leprous (lep-rous) *a.* (*n.* Leprousness; *ad.* Leprously; Lat. *leprosus*, Fr. *lepreux.*) Infected leprosy কুষ্ঠ মহাব্যাধি বা ধবলরোগগ্রস্ত।

Lere (lere) *a.* (*n.* Lere, *v. t.* Lere.) Empty খালি, শূন্য।

Lere (lere) *v. t.* (M. H. Ger. *leren*, N. H. Ger. *lehren*) To learn, to teach শিক্ষা দেওয়া; অভ্যাস করা।

Lesion (le-zhun) *n.* (Fr. *lesion*, It. *lesione.*) A hurt, an enjury ক্ষতি, হানি, আঘাত।

Less (less) *conj.* Unless যদি না।

Less (less) *n.* A smaller portion কমতি; অল্প।

Less (less) *a.* (A-S. *lassa*; Icel. *les*; *less* has the sense of the comparative degree of *little*. It is a premitive word, denoting distibution as a *childless*; *faithless*. It is a termin ting syllable of many no[illegible] and adjectives) Smaller; n[illegible] so la[illegible] or great কোন [illegible] ক্ষুদ্র, [illegible]

Less (les[illegible]) a smalle[illegible] ন্যূনত[illegible]

Lessee (les[illegible]) *p.* of *la*[illegible] person to [illegible]

পালক বিষ্ণুর সখা, স্রষ্টা ব্রহ্মার স্তুতিপাত্র ও মান্য, গুণাতীত, প্রধান পুরুষ, পরমাত্মা শ্রীকৃষ্ণের আত্মা; সেই শিব ক্রোধে শুষ্ক-কণ্ঠতালু হইয়া কহিতে লাগিলেন।

"ইহলোকে বিষ্ণুভক্ত সাধুগণের মঙ্গল হউক ও বিষ্ণুভক্তিবিহীন অসাধুদিগের পদে পদে অমঙ্গল হউক। যে দুর্দান্ত ব্যক্তি, বৈষ্ণবদিগকেও দুঃখ দেয়, শ্রীকৃষ্ণ তাহার সংহারক ও পদে পদে তাহার বিঘ্ন হয়। অবৈষ্ণবদিগের হৃদয় পবিত্র নহে—সর্ব্বদা কলুষিত। কারণ, বিষ্ণু মন্ত্রের স্মরণই মনের নির্ম্মলতার কারণ। জীবের বিষ্ণুমন্ত্রের উপাসনায় হৃদয়গ্রন্থি ভিন্ন সকল সংশয় ছিন্ন ও নিজ দুষ্কৃতেরও ক্ষয় হয়। অহো! শ্রীকৃষ্ণভক্তদিগের কি নির্ম্মল স্বভাব যে, অমার্গগামী ভার্য্যাপহারী শক্র চন্দ্রকে বৃহস্পতি শাপ দেন নাই। আর বৃহস্পতির গুরু, কোপশূন্য, ধার্ম্মিক, মুনি বশিষ্ঠদেব স্বীয় শত-পুত্র হন্তা শক্রকেও শাপ দেন নাই। আমার লোতা সুর[illegible] [illegible] নিমেষমধ্যে [illegible] চন্দ্র ভস্মীভূত হইতে [illegible] কেবল ধর্ম্ম-

সাহেব অনেক অনুসন্ধান করিয়া লিখিয়াছেন যে সাধারণত লোকে রাগগুলিকে শুদ্ধ জাতীয় এবং রাগিণীগুলিকে সংকীর্ণ জাতীয় বলে; আবার অনেকে রাগগুলিকেও সংকীর্ণ শ্রেণী মধ্যে পরিগণিত করে; কেহ কেহ কানড়া, তোড়ি, মল্লার, নট, সারঙ্গ ও গুর্জ্জরী, এই কয়টীকে শুদ্ধ রাগ বলে। তাঁহার কৃত হিন্দু সংগীত-বিষয়ক গ্রন্থে সংকীর্ণ জাতীয় রাগের এক সুবৃহৎ তালিকা দিয়া, এক এক রাগ কি কি মিশ্রণে উৎপন্ন, তাহা লিখিয়াছেন। তদীয় তালিকায় আদি ছয় রাগকেও সংকীর্ণ জাতি মধ্যে ধরিয়াছেন; যথা—হিন্দোল, তোড়ি, কানড়া ও পুরিয়ার সংযোগে ভৈরব-রাগ উৎপন্ন; কল্যাণ, কামোদ, সামন্ত ও বসন্ত সংযোগে মেঘ রাগ উৎপন্ন। এইরূপ ধারণা ভ্রান্তিমূলক, যুক্তিবিরুদ্ধ ও হাস্যকর। যাহা হউক, উইলার্ড সাহেব বিদেশীয় লোক, তাঁহার ভ্রান্তি মার্জ্জনীয়। প্রাচীনকালের গ্রন্থকর্ত্তাগণ রাগ রাগিণীর ব্যবহার্য্য সুরের সংখ্যানুসারে তাহাদিগকে আর এক প্রকার তিন জাতিতে বিভক্ত করিয়াছেন, যথা,—ঔড়ব, খাড়ব (ষাড়ব) ও সম্পূর্ণ। যে সকল রাগে স্বরগ্রামের পাঁচটীমাত্র সুর ব্যবহার হয়, দুইটী বর্জ্জিত থাকে, তাহাদিগকে ঔড়ব জাতীয় কহে; যে রাগে গ্রামের ছয়টী সুর ব্যবহার হয়, একটী বর্জ্জিত থাকে, তাহাকে খাড়ব কহে; এবং যাহাতে সাত সুরই ব্যবহার হয়, তাহাকে সম্পূর্ণ জাতীয় কহে। এই জাতিত্রয় সম্বন্ধেও প্রাচীন গ্রন্থকারগণের এবং আধুনিক ওস্তাদদিগের মধ্যে পরস্পর অনেক মত ভেদ দৃষ্ট হয়। ঐ জাতি বিভাগ কোন বৈজ্ঞানিক ভিত্তির উপর স্থাপিত নহে; তাহা হইলে উহাতে লোকের মত ভেদ কখনই হইতে পারিত না। প্রাচীন রাগ-রাগিণীগুলি যে এক এক দেশের জাতীয় গান, উক্ত ঔড়ব খাড়ব জাতিত্ব তাহার অন্যতর প্রমাণ। ব্রহ্মা ও হনুমন্ত, উভয় মতের একত্রিত আটটী প্রচলিত রাগের মধ্যে শ্রী ও বৃহন্নট, এই দুইটী ব্যতীত আর সকলেই কেহ ঔড়ব, কেহ খাড়ব। কোন গ্রন্থের মতে ভৈরব খাড়ব—রি বর্জ্জিত, কোন মতে

a lease is given, or who takes an estate by lease ইজারদার ; পাট্টাদার

Lessen (les-n) *v. t.* To diminish in quality, state or degree কোন অবস্থা বা গুণের হ্রাস করা ; to make less ; to reduce in bulk or size কমাইয়া দেওয়া ; ছোট করা ; to reduce in dignity ; to degrade পদচ্যুত করা ; ক্ষমতা, শক্তি বা সম্ভ্রম বর্জ্জিত করা।

Lessen (les-n) *v. i.* (*imp & p. p.* Lessened ; *p. pr. & vb. n.* Lessening.) To become less , to shrink ; to be diminished কমিয়া যাওয়া, কুঞ্চিত হওয়া, to become less in quality, degree or intensity , to decrease অল্প হওয়া ; কম হওয়া ; খর্ব্ব হওয়া ; হ্রাস হওয়া।

Lesser (less-er) *a.* (A-S. *lassa*, this word is a corruption of *less* ; *ad.* Lesser.) Moreless ; smaller , inferior অল্পতর।

Lesses (les-ses) *n. pl.* (Fr. *laisser* to leave.) The leavings or dungs of beasts পশুর বিষ্ঠা , নাদ , গোবর।

Lesson (les-sn) *n.* (O. Fr. *lecon* , N. Fr. *lecon.*) Any thing read or recited to a teacher by a pupil or learner ; a portion of book as a pupil is required to learn at a time পাঠের অংশ ; পাঠ্য , that which is learned or taught by express effort শিক্ষা ; উপদেশ ; a portion of scripture read in divine service ধর্ম্মশাস্ত্রের অংশবিশেষ, যাহা উপাসনাকালে পঠিত হয়।

Lesson (les sn) *v t.* (*imp & p. p.* Lessoned ; *p. pr. & vb. n.* Lessoning.) To teach ; to instruct শিক্ষা দেওয়া ; উপদেশ দেওয়া।

Lessor (les-sor) *n.* One who leases ; the person who lets to farm, or gives a lease ইজারা বা ভাড়া দাতা ; পাটা দেয় যে ব্যক্তি ; পাট্টাদাতা।

Lest (lest) *conj.* (O. Eng. *leste*,

ভগবদ্ভয়ে তাহাকে শাপ দেন নাই। শাপদাতা কোপাকুল তপস্বী জনের তপস্যা নষ্ট হয়। কি আশ্চর্য্য, ব্রহ্মার তনয় ধার্ম্মিক বিষ্ণু-পরায়ণ তপোনিষ্ঠ অত্রির এমত পরনারীলোভী বঞ্চক অধার্ম্মিক পুত্র হইয়াছে, ব্রহ্মার পুত্রগণ ধার্ম্মিক বিষ্ণুপরায়ণ ব্রহ্মণ্যতেজ-সম্পন্ন। তন্মধ্যে কেহ বা অবর্ণবর্ণহীন দেব, কেহ বা ধার্ম্মিক ব্রাহ্মণ, কেহ বা দৈত্য; যাহারা সত্ত্বগুণাবলম্বী, তাহারা ব্রাহ্মণ, রাজোগুণাবলম্বী দেবগণ, আর দৈত্যগণ তমোগুণাবলম্বী, বলিষ্ঠ, উগ্রস্বভাব ও সর্ব্বদা উদ্ধত। ব্রাহ্মণ স্বধর্ম্মানুরক্ত ও হরির উপাসক, দেবগণ শিব ও শক্তির উপাসক, আর অসুরগণ পূজাবিবর্জ্জিত। ব্রাহ্মণগণ, মুমুক্ষু ও বিষ্ণুসেবক হইয়া বিষ্ণুর দাস্যলাভ করিতে ইচ্ছা করে, দেবগণ ঐশ্বর্য্য অভিলাষ করে ও তামসিক অসুরগণও ঐরূপ। নিষ্কাম ব্রাহ্মণগণের, গুণাতীত প্রকৃতি হইতে পৃথক্ ইষ্টদেব শ্রীকৃষ্ণের গুণার্চ্চনাই স্বধর্ম্ম। যে ব্রাহ্মণগণ বিষ্ণুভক্ত, তাঁহারা নিরাপদে পরমলাভ করেন, আর যাঁহারা অন্যের উপাসক তাঁহারা অন্যের সহিত প্রাকৃতিক

